

ভোরের কাগজ

২-৭

## গফরগাঁওয়ে অপহৃত স্কুলছাত্র ৬ দিন পর উদ্ধার

ময়মনসিংহ প্রতিনিধি : অপহরণের ৬ দিন পর রফিকুল ইসলাম (১৩) নামে অপহৃত এক স্কুলছাত্রকে চোখ বাঁধা অবস্থায় গ্রামবাসী উদ্ধার করেছে। ৩ লাখ টাকা মুক্তিপণের দাবিতে অপহৃত রফিকুলকে গতকাল মঙ্গলবার ভোর সাড়ে ৪টায় অপহরণকারীরা তার বাড়ির পাশে রেখে চলে যায় বলে পুলিশ জানিয়েছে। গফরগাঁও পুলিশ অপহরণের ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে আবুল কালাম (৩৫) ওরফে কালা ডাকাভকে হোসেনপুর উপজেলার চর হাজিপুর গ্রামের বাড়ি থেকে গ্রেপ্তার করেছে।

গত ১৭ এপ্রিল গভীর রাতে একদল সশস্ত্র সন্ত্রাসী চরমছলন্দ টেকিরচর গ্রামের ইছাম উদ্দিন খানের বাড়িতে ঘরের দরজা ভেঙে ঢুকে অপহরণকারীরা ইছাম উদ্দিনের পুত্র গফরগাঁও ইসলামিয়া সরকারি হাইস্কুলের অষ্টম শ্রেণী ছাত্র রফিকুল ইসলামকে অপহরণ করে নিয়ে যায়।